প্রাথমিক ইংরেজি (প্রথম – অষ্টম)

# ইংরেজি শিক্ষায় সামাজিক সম্পদসমূহ

# Community resources for English






ভারতে বিদ্যালয় ভিত্তিক সহায়তার ভিত্তিতে শিক্ষকের জন্য শিক্ষা

www.TESS-India.edu.in

http://creativecommons.org/licenses/

*TESS-ইন্ডিয়া (টিচার এডুকেশন থ্রু স্কুল বেসড সাপোর্ট) – এর লক্ষ্য হল শিক্ষার্থী-কেন্দ্রিক, অংশগ্রহণমূলক পদক্ষেপের উন্নতিতে শিক্ষকদের সহায়তা করার জন্য ওপেন এডুকেশনাল রিসোর্সেস (OERs)-এর সম্পদগুলির মাধ্যমে ভারতের প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকদের শ্রেণিকক্ষের রীতিগুলিকে উন্নত করা। TESS-ইন্ডিয়া OERs শিক্ষকদের স্কুলের পাঠ্যবইয়ের সহায়িকা প্রদান করে। এগুলি শিক্ষকদেরকে তাঁদের শিক্ষার্থীদের সঙ্গে শ্রেণিকক্ষে পরখ করে দেখার জন্য অ্যাক্টিভিটি প্রদান করে, আর একই সাথে কিছু কেস স্টাডি প্রদান করে যেগুলি দেখায় যে অন্য শিক্ষকরা কীভাবে বিষয়টি পড়িয়েছেন এবং সম্পদগুলির মধ্যে যোগসূত্র স্থাপন করেছে যাতে শিক্ষকদেরকে তাঁদের পাঠের পরিকল্পনা ও বিষয়জ্ঞানকে উন্নত করতে সাহায্য করা যায়।*

*ভারতীয় পাঠ্যক্রম এবং প্রসঙ্গগুলির জন্য TESS-ইন্ডিয়া OERs সহযোগিতামূলক ভাবে ভারতীয় এবং আর্ন্তজাতিক লেখকদের দ্বারা লেখা হয়েছে এবং এটি অনলাইনে এবং ছাপার ব্যবহারের জন্য উপলব্ধ আছে (http://www.tess-india.edu.in/)। OERs অনেক সংস্করণে পাওয়া যায়, এগুলি ভারতের প্রত্যেক অংশগ্রহণকারী রাজ্যের জন্য উপযুক্ত এবং স্থানীয় প্রয়োজনীয়তা এবং প্রসঙ্গ পূরণ করতে OERsকে ব্যবহারকারীদের গ্রহণ এবং স্থানীয় ভাষায় অনুবাদ করতে আমন্ত্রণ করা হয়।*

*TESS-ইন্ডিয়া দি ওপেন ইউনির্ভাসিটি UK দ্বারা পরিচালিত এবং UK সরকার আর্থিক বিনিয়োগ করেছে।*

***ভিডিও সম্পদসমূহ***

*এই ইউনিটে কিছু কার্যক্রমের সঙ্গে নিম্নলিখিত আইকনগুলি আছে: । এর অর্থ হল যে নির্দিষ্ট শিক্ষাদান সংক্রান্ত থিমের জন্য TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ দেখা আপনার পক্ষে সহায়ক হবে।*

*TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ ভারতের ক্লাসঘরের বিবিধ প্রকারের পরিপ্রেক্ষিতে মূল শিক্ষাদানসংক্রান্ত কৌশলগুলি চিত্রিত করে। আমরা আশা করি সেগুলি আপনাকে অনুরূপ চর্চা নিয়ে পরীক্ষা করতে সাহায্য করবে। সেগুলির উদ্দেশ্য হল পাঠ্যভিত্তিক ইউনিটের মাধ্যমে আপনার কাজের অভিজ্ঞতা বাড়ানো ও পরিপূর্ণ করা, কিন্তু আপনি যদি সেগুলি পেতে অসমর্থ হন, সেই ক্ষেত্রে এগুলি অপরিহার্য নয়।*

*TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদগুলি অনলাইনে দেখা যায় বা TESS-ইন্ডিয়া ওয়েবসাইট, (http://www.tess-india.edu.in/) থেকে ডাউনলোড করা যায়। অন্যথায় আপনি একটি সিডি বা মেমরি কার্ডে ভিডিওগুলি পেতে পারেন।*

*সংস্রকণ 1.0   EE15v2*

*West Bengal*

*তৃতীয়   ক্ষের উ  াদান্গুলি বা অন্যথায় বর্ণিত ন্া হলে এই সামগ্রীর্ম একর্ম কি্রয়েমর্ভ মকন্স অ্যাট্রিবিউশন্-শেয়ারঅ্যালাইক লাইসেন্সের অধীন্ে উ  লব্দ: http://creativecommons.org/licenses/by-sa/3.0/*

*TESS-India is led by The Open University UK and funded by UK aid from the UK government*

# এই ইউনিটের বিষয়বস্তু

এই ইউনিটে আপনি এমন কিছু কথ্য এবং লিখিত ইংরেজি ব্যবহার করে ইংরেজি শেখানোর উপায় অনুসন্ধান করবেন যেগুলির সংস্পর্শে আপনি এবং আপনার শিক্ষার্থীরা প্রতিদিন আসেন। এই 'প্রাত্যহিক' ইংরেজি আপনার কাছে আকর্ষণীয় শিক্ষণ সম্পদ হয়ে উঠতে পারে যা শিক্ষার্থীদের পক্ষেও উদ্বুদ্ধকারী হতে পারে।

ভারতে বিভিন্ন উদ্দেশ্যে ইংরেজি ব্যবহার করা হয়, আর দেশের প্রতিটি অংশে বিভিন্নভাবে তা ব্যবহার করা হয়। বড় শহরে, বহু মানুষই প্রতিদিন ইংরেজি ব্যবহার করেন। রাস্তার বিভিন্ন সংকেতে , বিজ্ঞাপনে, সংবাদপত্র ও পত্রিকায় ইংরেজি দেখা যায় এবং এফএম রেডিও, জনপ্রিয় গানে ও সিনেমায় আমরা ইংরেজী শুনতে পারি।

প্রত্যন্ত গ্রাম্য সমাজে ইংরেজি কম প্রচলিত হলেও প্রায়ই তার ব্যবহার দেখতে পারি । 'bus', 'car', 'phone', 'TV', 'radio', 'fridge' বা এমনকি 'school'-এর মত ইংরেজি শব্দগুলি এখন দেশের বেশির ভাগ অংশেই প্রাত্যহিক শব্দভাণ্ডারের একটি অংশ হয়ে গেছে। যখন আপনি এটির খোঁজ করবেন, তখন আপনি আপনার প্রত্যাশার চেয়েও বেশি লিখিত ইংরেজি খুঁজে পাবেন- খাবারের প্যাকেটে, টিকিটে, জামাকাপড়ের লেবেলে, এবং গানে। প্রত্যেক গ্রামেই কোন বাস বা ট্রেন যোগাযোগ ব্যবস্থা আছে যার সাহায্যে মানুষজন কাছাকাছি নগরে বা শহরে আসা যাওয়া করেন। এই লোকেরা ইংরেজীর উৎস হতে পারেন। তারা তাদের নিজের গ্রামের বাইরের মানুষজনের কাছে তাদের অভিজ্ঞতাগুলো জানাতে পারেন এবং সেই কাজে তারা ইংরেজি ও অন্যান্য ভাষা ব্যবহার করেন।

একজন শিক্ষক হিসাবে, আপনি নিকটবর্তী সমাজ এবং বৃহত্তর সমাজ থেকে ইংরেজি আপনার শ্রেণিকক্ষে আনতে পারেন। আপনি কীভাবে এই কাজটি শুরু করবেন সেদিকে লক্ষ্য রেখেই এই ইউনিটটির পরিকল্পনা করা হয়েছে।

# এই ইউনিটে আপনি কী শিখতে পারেন

- আপনার সমাজের মধ্যে থেকে ইংরেজি সম্পদ খুঁজে বের করতে।
- শিক্ষার্থীরা ইতিমধ্যেই ইংরেজি সম্পর্কে কী জানে তা শিখতে।
- শ্রেণিকক্ষের ভেতরে এবং বাইরে ইংরেজির সঙ্গে সংযোগ স্থাপন করতে।

# 1 প্রাত্যহিক ইংরেজি কী?

আপনি এই রকম একটি ভাবনা দিয়ে শুরু করবেন যে, 'প্রাত্যহিক ইংরেজি' কী এবং একটি সম্পদ হিসাবে কীভাবে আপনি আপনার সমাজে এটি সহজে পেতে পারেন ।

## অ্যাক্টিভিটি 1: প্রাত্যহিক ইংরেজি কী?

ভারতে, বেশির ভাগ সম্প্রদায়ই কয়েক রকম ভাষা ব্যবহার করে। তার অর্থ হল বিদ্যালয়ে আসা বহু শিক্ষার্থীই একটির বেশি ভাষায় কথা বলে। আমাদের সমাজে ইংরেজির উপস্থিতির জন্য, শিক্ষার্থীরা নিয়মিতভাবে তাদের প্রাত্যহিক কথাবার্তাতেও কিছু ইংরেজি শব্দ ব্যবহার করতে পারে, এমনকি যদিও হয়তো তারা এই শব্দগুলি ইংরেজি শব্দ বলে অবহিতই নয়।

আমাদের প্রতিদিনের ভাষায় আমরা প্রায়শই সাধারণ বস্তু এবং কার্যকলাপের জন্য ইংরেজি শব্দ ব্যবহার করে থাকি। উদাহরণস্বরূপ, আমাদের মধ্যে যারা শহরে থাকি তাঁদের *holiday* , থাকে, আমরা *factories* বা *offices*, -এ কাজ করি এবং আমরা *books*, *pens*,

*pencils* এবং *water bottles*-এ পূর্ণ একটি *bag* -এর সাথে *school* -এ যাই, *roads* এর *buses* -এ চড়ে, এমনকি যাঁরা শহরে থাকেন না তাঁরাও বহু ইংরেজি শব্দ জানতে পারেন। উদাহরণস্বরূপ, '*post office*' এবং '*bus stop*' শব্দগুলি পুরো ভারত জুড়ে বোধগম্য। আমাদের কিছু নতুন 'highway' তে এখন রাস্তার শুল্ক বা '*tax*' সংগ্রহ করা হয়। বহু মানুষই এই শব্দগুলি ইংরেজিতে স্পষ্টভাবে বলতে শেখা ছাড়াই এগুলির অর্থ শিখে গেছেন।

আপনি কী কী প্রাত্যহিক ইংরেজি শব্দ জানেন? সেগুলির একটি তালিকা করুন এবং যেগুলি আপনি শ্রেণিকক্ষে ব্যবহার করবেন সেই শব্দগুলিতে দাগ দিয়ে রাখুন। আপনার শিক্ষার্থীরাও কি এই শব্দগুলি জানে? আপনার শিক্ষার্থীরা যেগুলি জানবে তালিকার সেই শব্দগুলিকে উজ্জ্বলভাবে চিহ্নিত করে রাখুন।

যখন শিক্ষার্থীরা তাদের সমাজের মধ্যে দেখা এবং শোনা ইংরেজি বুঝতে চেষ্টা করে, তখন তারা অর্থ বোঝার উপরে মনোযোগ কেন্দ্রীভূত করে। তারা ভুলে যেতে পারে যে তারা ভাষাটিও শিখছে। যখন আপনি নিজের এবং আপনার শিক্ষার্থীদের প্রাত্যহিক ইংরেজি বিষয়ে জ্ঞান বিকাশ করেন, তখন আপনি তাদেরকে প্রকৃত ইংরেজি শিখতে সাহায্য করছেন- যে ইংরেজি তারা শ্রেণিকক্ষের বাইরে বাস্তব জগতে ব্যবহার করতে পারে।

## অ্যাক্টিভিটি 2: প্রাত্যহিক ইংরেজি- এক পরিকল্পনামূলক অ্যাক্টিভিটি

আপনি ও আপনার শিক্ষার্থীদের কাছে ইংরেজিতে নিম্নলিখিত কোন্ ধরনের সম্পদগুলোর আপনার নিজের এলাকায় সহজলভ্যতা আছে তা ভাবুন:

- magazines
- newspaper articles
- advertisements
- sports reports
- popular songs
- restaurant menus
- street signs
- shop signs
- tourist information brochures
- maps
- tickets
- comic books
- greeting cards
- bus schedules
- T-shirts
- calendars
- wrapping from food or medical products
- cinema
- radio
- television

• Internet.

এর পরের কয়েক সপ্তাহ ধরে একটি ছোট খাতা সঙ্গে রাখুন। আপনি আপনার পাড়াতে যে ইংরেজী দেখবেন ও শুনবেন, তা লিখে রাখবেন। অ্যাক্টিভিটি 1-এ আপনার করা তালিকাটির সাথে এগুলিকে যুক্ত করুন। যদি সেখানে এমন কোন শব্দ থাকে যা আপনি চেনেন না, তাহলে সেগুলির অর্থ খুঁজে বের করতে একটি অভিধান ব্যবহার করুন। শব্দগুলি আয়ত্ত করতে নিজেকে সাহায্য করার জন্য আপনার খাতায় যথাযথ অর্থ লিখে রাখুন।

আপনার কি নির্দিষ্ট কিছু স্থানে ইংরেজী দেখা বা শোনার সম্ভাবনা বেশি? এই স্থানগুলি কী কী ? কেন আপনার মনে হয় যে সেখানে ইংরেজি দেখা ও শোনার সুযোগ বেশি ? চিত্র 1-এ কিছু প্রাত্যহিক ইংরেজির উদাহরণ দেখানো হল যা আপনাকে কিছু ধারণা দিতে পারে।




**চিত্র 1** প্রাত্যহিক ইংরেজির উদাহরণ: (a) মোড়কে; (b) মোবাইল ফোন পরিষেবার কোন এক বিজ্ঞাপনে; (c) বাচ্চাদের টি-শার্টে; (d) গ্রামের দেওয়ালের এক বিজ্ঞাপনে; (e) বিদ্যালয়ের কোন এক দ্বিভাষিক নির্দেশে;

(f) কোন রাস্তার পার্শ্ববর্তী বোর্ডে

একবার আপনার তালিকা তৈরি হয়ে গেলে এটির পর্যালোচনা করুন এবং আপনার শিক্ষার্থীদের পক্ষে এই স্থানগুলিতে ইংরেজির মুখোমুখি হওয়া সম্ভবপর কিনা সে সম্পর্কে ভেবে দেখুন। তারা কি ভাষাটির সাথে পরিচিত হবে? আপনি আপনার ভাষার পাঠে যে শব্দ বা বাক্যাংশগুলি শেখান তার কিছু কি স্থানীয় পরিবেশেও উপস্থিত রয়েছে? আপনি কি আপনার সংগ্রহ করা উদাহরণগুলির কয়েকটি আপনার শ্রেণিকক্ষে ব্যবহার করতে পারবেন?

আপনার বিদ্যালয়ের চারপাশের এলাকার সম্পদগুলি কীভাবে সংগ্রহ করতে হয় সে সম্পর্কে আরও জানতে সম্পদ 1, 'স্থানীয় সম্পদের ব্যবহার' দেখুন।

# 2 আপনার শিক্ষার্থীরা কতটা ইংরেজি জানে তা খুঁজে বের করুন

আপনি যা ভাবেন আপনার শিক্ষার্থীরা হয়তো ইতিমধ্যেই তার থেকে বেশি ইংরেজি জানতে পারে। কেস স্টাডি 1-এ একজন শিক্ষক খুঁজে বের করেন তাঁর শিক্ষার্থীরা কি জানে।

## কেস স্টাডি 1: বিমল মান্ডি জানতে পারেন তাঁর শিক্ষার্থীরা ইংরেজি সম্পর্কে কতটুকু জানে

*মান্ডিবাবু পশ্চিমবঙ্গের এক উপজাতি বিদ্যালয়ের* প্রথম থেকে তৃতীয় *শ্রেণির ইংরেজি শিক্ষক। তিনি বাংলা এবং সাঁওতালী বলেন, কিন্তু স্থানীয় ভাষা সাদ্রী সম্পর্কে তাঁর জ্ঞান সীমিত।*

আমি যে শিক্ষার্থীদেরকে শেখাই তারা অত্যন্ত দরিদ্র পরিবারের এবং অনেকেই এমন পরিবেশ থেকে আসে যা হয়তো 'মুদ্রণ-সমৃদ্ধ' নয়। যদি আমি শহরে পড়াতাম, তাহলে হয়তো আমি প্রত্যাশা করতে পারতাম যে শিক্ষার্থীরা ঘরে ইংরেজিতে কথা বলা শোনে বা তাদের অভিভাবকরা হয়তো ইংরেজি সংবাদপত্র পড়েন। আমার মনে হয় নি যে আমি যে সকল শিক্ষার্থীদেরকে গ্রামে পড়াই তারা তাদের স্থানীয় পরিবেশে খুব একটা ইংরেজির পরিবেশ তারা পেয়েছে। কিন্তু বাস্তবে আমি ভুল ভেবেছিলাম!

একদিন আমি শিক্ষার্থীদের তারা কোন্ খেলাগুলি খেলতে পছন্দ করে সে সম্পর্কে জিজ্ঞাসা করি। আশ্চর্য না হয়েই তাদের প্রত্যেকেই উত্তর দিল 'Cricket', যা আমাকে বিস্মিত করেছিল তা হল তারা ক্রিকেট-সম্বন্ধিত বহু সংখ্যক ইংরেজি শব্দ জানে। আমি এই শব্দগুলি বোর্ডে লিখতে শুরু করলাম। কিছু সময় পরে, তালিকাটি দীর্ঘ হতে লাগল, কাজেই তাদের জানা সব শব্দগুলি সংরক্ষণ করার জন্য আমাকে একটি খাতা ব্যবহার করা শুরু করতে হল। কয়েকদিনের মধ্যেই, ক্রিকেট সম্পর্কিত শব্দ এবং বাক্যাংশ থেকে অন্য খেলাধুলো সম্পর্কেও তালিকাটি বাড়তে লাগল।

সেই সপ্তাহের শেষে, আমি 100-রও বেশি শব্দ এবং বাক্যাংশের একটি তালিকা বানিয়ে ফেললাম যা শিক্ষার্থীরা ইতিমধ্যেই জানত : বাজারে ব্যবহৃত শব্দ, পেশা সংক্রান্ত শব্দ , পরিবহণ এবং যানবাহন সম্পর্কিত শব্দ। পরিবহণ এবং যানবাহন সম্পর্কিত শব্দ জানার কারণ তাদের অভিভাবক বা পরিবারের অন্যান্য সদস্যদের বেশিরভাগই ট্রাকচালক, প্রহরাকর্মী এবং পরিবহণকর্মী ছিল। তারা 'Jeep', 'tyre', 'brake' এবং 'lights', -এর মত শব্দগুলি এবং যানবাহন এবং যেকোন সহযোগী সরঞ্জামের রক্ষণাবেক্ষণের সাথে সম্পর্কিত শব্দগুলি জানত: 'wash', 'polish', 'water', 'air', 'petrol', 'nut', 'bolt' এবং'pana'। আমি শেষ শব্দটি জানতাম না। তারপর শিক্ষার্থীদের অঙ্গভঙ্গি এবং বিবরণ থেকে আমি বুঝতে পারলাম এটি হল 'spanner'-এর জন্য তাদের শব্দ। তখন আমি

তাদেরকে সমতুল্য ইংরেজি শব্দটির সাথে পরিচিত করালাম।

শীঘ্রই আমার অনেকগুলো তালিকা তৈরি হয়ে গেল। কীভাবে শিক্ষার্থীদের তাদের শেখায় সাহায্য করতে সেগুলির ব্যবহার করতে পারি আমি তার উপায় ভাবতে শুরু করলাম। প্রথমে আমি পুরো তালিকাটি পড়লাম, এবং সেই শব্দগুলির খোঁজ করলাম যেগুলি তাদের পাঠেও ব্যবহৃত হয়েছে । পাঠ্যবই থেকে পাঠ শেখানোর সময়ে কীভাবে আমি শিক্ষার্থীদের তাদের ইতিমধ্যেই জানা জিনিসগুলি মনে রাখাতে পারি সে সম্পর্কে আরো বেশি করে ভাবতে শুরু করলাম।

## চিন্তার জন্য সাময়িক বিরতি

*মান্ডিবাবু* বোর্ডে সেই শব্দগুলির একটি তালিকা সঙ্কলিত করতে শুরু করলেন যা শিক্ষার্থীরা জানে। কিন্তু এই তালিকাটি বাড়তেই থাকল। আপনি কি ইংরেজি শব্দভাণ্ডার সঙ্কলিত করার এমন কোন উপায়ের কথা ভাবতে পারেন যেগুলির সাথে শিক্ষার্থীরা তাদের সমাজ থেকেই পরিচিত? কীভাবে আপনি শিক্ষার্থীদের শেখা মজবুত করতে এই তালিকাটি ব্যবহার করতে পারেন?

- আপনি কি শ্রেণিকক্ষের একটি দেওয়ালে ছবি ও শব্দগুলি প্রদর্শন করতে পারেন?
- আপনি কি একটি 'English reference book' শ্রেণির তৈরি করতে পারেন যা আপনি নিয়মিত শিক্ষার্থীদের সাথে পর্যালোচনা করেন?
- কোন্ প্রতিবন্ধকতাগুলি আপনাকে এই ধরনের অ্যাক্টিভিটিগুলি থেকে বিরত করছে?

## অ্যাক্টিভিটি 3: আপনার শিক্ষার্থীরা যে ইংরেজি শব্দ এবং বাক্যাংশের সাথে পরিচিত তা খুঁজে বের করুন

আপনি কি লক্ষ্য করেছেন যে আপনার শিক্ষার্থীরা ইতিমধ্যেই কিছু ইংরেজি শব্দ এবং বাক্যাংশের সাথে পরিচিত? সারণী 1 দেখুন এবং বাঁ-দিকের স্তম্ভে থাকা এক বা একাধিক বিষয় নিয়ে কথা বলতে আপনি কোন শব্দ বা বাক্যাংশগুলি ব্যবহার করবেন তা ভেবে দেখুন।

***সারণী 1*** *আপনার শিক্ষার্থীরা কি এই বিষয়গুলির সাথে সম্পর্কিত কোন ইংরেজি শব্দ জানে ?*

| বিষয় | ইংরেজি শব্দ বা বাক্যাংশের উদাহরণ |
|---|---|
| ক্রিকেট বা অন্যান্য খেলা | Bat, ball, game, out, team, point, score, stadium, field |
| মানুষের বিভিন্ন চাকরী | Police, teacher, guard, driver, doctor, nurse, engineer |
| আমাদের ব্যবহৃত যানবাহন এবং সে সম্পর্কিত শব্দ | Bus, car, scooter, train, cycle, petrol |
| বাড়িঘর এবং বাড়িঘরে থাকা বস্তু | Gate, door, bed, TV, computer, kitchen, phone, bulb, light, current |
| আমাদের ব্যবহারের সরঞ্জাম | Hammer, tape, pencil, rubber |
| যা আমরা খাই এবং পান করি | Cool drink, juice, bread, biscuit |
| বিনোদনের বিভিন্ন ধরণ | Film, actor, dance, music, singer |
| কম্পিউটার, প্রযুক্তি এবং মোবাইল ফোন | Computers, text message, mobile phones |

| | |
|---|---|
| ওষুধপত্র | Prescriptions, cough syrup, vitamin, tonic |

আপনার শিক্ষার্থীদেরকে তাদের জানা যেকোন ভাষায় এবং এই বিষয়গুলির সাথে সম্পর্কিত শব্দ এবং বাক্যাংশগুলি তালিকাভুক্ত করতে বলুন। তাদের জানা এই শব্দ এবং বাক্যাংশগুলির কয়েকটি কি ইংরেজি?

আপনার শিক্ষার্থীদের দেওয়া শব্দ ও বাক্যাংশের সাথে সারণী 1-এর ডান দিকের স্তম্ভের উদাহরণগুলির তুলনা করুন। সারণী 1-এর একটি কপি ব্যবহার করে, শিক্ষার্থীটি যা বলবে সেই শব্দটিতে টিক দিন-এমনকি যদি তারা এটি কেস স্টাডি 1-এ 'pana'/'spanner' -এর মত ভিন্নভাবে বলে তবুও। তারা কি অন্য কোন ইংরেজি শব্দের উল্লেখ করেছিল?

এই ধরনের অ্যাক্টিভিটিতে সহায়তা করতে, আপনি হয়তো আপনার বিদ্যালয়ের নির্দিষ্ট বিষয়ের শিক্ষকদের সাথে কথা বলা আকর্ষণীয় বলে মনে করবেন। ক্রীড়া শিক্ষকরা প্রায়ই 'Run!'-এর মত ইংরেজি শব্দ বা 'Stand in a line!' এর মতো বাক্যাংশ ব্যবহার করে থাকেন। অনুরূপভাবে, বিজ্ঞানের শিক্ষকরা প্রায়ই যন্ত্রপাতিকে তাদের ইংরেজি নাম ধরে নির্দেশ করেন (যেমন 'microscope!') এবং কোন শিক্ষক, যিনি স্বাস্থ্য বা পরিচ্ছন্নতা-বিধি নিয়ে আলোচনা করেন তিনি হয়তো 'antiseptic' এবং 'bandage'-এর মতো শব্দগুলির উল্লেখ করতে পারেন। এইভাবেই, শিক্ষার্থীরা একই সময়ে ইংরেজি এবং অন্যান্য বিষয় শেখে।

আপনি এবং আপনার শিক্ষার্থীদের সৃষ্ট ইংরেজি শব্দ তালিকার উপর ভিত্তি করে আপনি একটি শব্দের দেওয়াল তৈরি করতে পারেন। বড় বড় হরফে ছয় থেকে আটটি শব্দ লিখুন এবং সেগুলিকে শ্রেণিকক্ষে দেখান। শব্দগুলিকে বারংবার দেখা সব শিক্ষার্থীকে সেগুলির সাথে পরিচিত হয়ে উঠতে সাহায্য করবে। আপনি তালিকাটিকে সপ্তাহে একবার পাল্টাতে বা নতুন নতুন শব্দ সংযোজন করতে পারেন।

# 3 ইংরেজি শব্দ আবিষ্কার করা

এখন নিম্নলিখিত কার্যক্রমগুলি করতে চেষ্টা করুন।

## অ্যাক্টিভিটি 4: সমাজের মধ্যে ইংরেজি

যেহেতু আমাদের স্থানীয় ভাষার মধ্যে ইংরেজি প্রচুর পরিমাণে ব্যবহৃত হয়, কিছু শিক্ষার্থী হয়তো তারা ইংরেজি ব্যবহার করছে সেটা না বুঝেই তা ব্যবহার করতে পারে। এমন বেশ কিছু উপায় আছে যার সাহায্যে আপনি আপনার শিক্ষার্থীদেরকে তাদের সমাজে ইংরেজি ভাষার ব্যবহার সম্পর্কে আরো বেশি সচেতন করে তুলতে পারেন। এখানে আরো কিছু কার্যকলাপের উদাহরণ দেওয়া হল যা প্রাথমিক স্তরের শিক্ষকরা চেষ্টা করে দেখেছেন:

- শিক্ষার্থীদেরকে রেলওয়ে স্টেশনে নিয়ে যান। ইংরেজি সব চিহ্নগুলির খোঁজ করুন এবং সেগুলির অর্থ কী তা আলোচনা করুন।
- একটি টুথপেস্টের বিজ্ঞাপন আনুন যেটি বলে 'Brush your teeth every day' . 'tooth' এবং 'teeth'-এর মত শব্দগুলির অনিয়মিত বহুবচনগুলি নিয়ে আলোচনা করুন।
- সপ্তাহান্তে সমাজে ইংরেজি শব্দগুলি খুঁজে দেখার জন্য একটি বাড়ির কাজ দিন। উদাহরণ: সংবাদপত্র, পত্রিকা, বিজ্ঞাপন, সিনেমা বা অন্যান্য বিনোদনের টিকিট, এবং 'Entry', 'Exit', 'Tickets' এবং 'Toilet'-এর মত বিষয়ের চিহ্নগুলি বা রাস্তায় দেখতে পাওয়া চিহ্ন যেগুলি 'No parking', 'One way' এবং'No entry'-এর মত জিনিসগুলি বলে দেয়। শ্রেণিকক্ষে, সেই শব্দগুলি নিয়ে আলোচনা করুন যেগুলি পরিচিত এবং পরিচিত নয়।
- এমন টি-শার্টের খোঁজ করুন যাতে ইংরেজিতে কিছু লেখা আছে। ইংরেজি লেবেল খুঁজে পেতে আপনার জামাকাপড়গুলি পরীক্ষা করে দেখুন। আপনার খুঁজে পাওয়া শব্দ এবং বাক্যাংশের অর্থ সম্পর্কে আলোচনা করুন।

- শিক্ষার্থীদেরকে বিদ্যালয় ভবনে তাদের শোনা বা দেখা যেকোন ইংরেজি শব্দ এবং অভিব্যক্তি লিখে নিতে বলুন।
- শিক্ষার্থীদেরকে ইংরেজিতে রেডিও সম্প্রচার শুনতে বলুন। এমনকি যদি তারা খুব একটা নাও বোঝে, তবুও প্রকৃত ইংরেজির ব্যবহার শোনা থেকে তারা উপকার পাবে এবং কিছু শব্দ ও বাক্যাংশ চিহ্নিত করতে পারবে , যা তাদের কাছে বেশ উপভোগ্য হবে ।

আপনার শিক্ষার্থীদের সাথে চেষ্টা করে দেখতে এইগুলি থেকে একটি উদাহরণ বেছে নিন। অ্যাক্টিভিটিটি সফল করতে আপনার কী আয়োজন করা প্রয়োজন? অ্যাক্টিভিটিটিতে শিক্ষার্থীদের মূল্যায়ন করতে আপনি কোন্ নির্ণায়কগুলি ব্যবহার করবেন?

আপনার শিক্ষার্থীদের সাথে অ্যাক্টিভিটিটি চালিয়ে যান। তারা কীভাবে প্রতিক্রিয়া করেছিল ? তারা কি আরো বেশি ইংরেজি শব্দ শুনেছিল বা পড়েছিল? আপনি কীভাবে এটির মূল্যায়ন করেছিলেন?

পরবর্তী কেস স্টাডিটিতে, একজন শিক্ষিকা তাঁর শ্রেণিকক্ষে ইংরেজি সংবাদপত্র নিয়ে আসেন। ভারতে অনেক ইংরেজি সংবাদপত্রের সাথেই অল্পবয়স্ক পাঠকদের জন্য ক্রোড়পত্র থাকে, যা হয়তো আপনাদের শিক্ষার্থীদের কাছে আকর্ষণীয় হতে পারে।

## কেস স্টাডি 2: ঝুমা দিদিমনি একটি ইংরেজি সংবাদপত্র থেকে একটি প্রবন্ধ ব্যবহার করেন

*ঝুমা দিদিমনি সপ্তম শ্রেণিতে পড়ান।*

আমি অল্পবয়সী পাঠকদের জন্য *The Hindu* সংবাদপত্রের ‘Young World’ ক্রোড়পত্রে ‘They have long legs’ নামক একটি সংক্ষিপ্ত প্রবন্ধ খুঁজে পাই । আমার মনে হয় আমার শিক্ষার্থীরা এই বড় বড় পা-ওয়ালা জীবগুলি সম্পর্কে শেখা উপভোগ করবে। আমি উপলব্ধি করি যে পাঠটি সপ্তম শ্রেণির শিক্ষার্থীদের পক্ষে একটু বেশি শক্ত,তাই আমাকে নিজেকেই কিছু শব্দভাণ্ডার খুঁজে রাখতে হয়েছিল। আমি জানতাম না একটি cranefly কী জিনিস এবং আমাকে নিজেকে মনে করাতে হয়েছিল ‘vulnerable’ মানে কী ছিল। কিন্তু পাঠটি এই দিক থেকে অনুমানযোগ্য যে এটি পোকামাকড় থেকে পাখিদের এবং তারপর পশুদের সম্পর্কে কথা বলা নিয়ে এগিয়েছে। সুতরাং, আমার মনে হয় যে আমি যতক্ষণ সাহায্য করছি ততক্ষণ পর্যন্ত আমার শিক্ষার্থীরা এটি বুঝতে পারে।

প্রথম পাঠে, আমি কিছু মুখ্য অপরিচিত শব্দ শিক্ষার্থীদের নিজের ভাষায় অনুবাদ করে দিয়ে প্রথম দুটি অনুচ্ছেদ সরবে পড়ি। প্রথম দুটি অনুচ্ছেদ সব থেকে কঠিন ছিল, কিন্তু এগিয়ে যাওয়ার সাথে সাথে পাঠটি সহজতর হয়ে ওঠে। পরের পাঠে, আমি পাঠটির প্রথম অংশটি আবার পড়ে শোনাই, এবং তারপর বাকি অংশের সাথে চালিয়ে যাই।

> Craneflies are insects with slender bodies and extremely long legs, which is why they are sometimes called daddy long legs.
>
> They are slow flyers and vulnerable to predators. When they perch on plants or on the ground, they bob up and down, due to their habit of alternately bending and straightening their legs.
>
> The black-winged stilt has the longest legs among birds – not the longest in absolute terms but longest relative to its body length, the legs making up 60 per cent of its height.
>
> The giraffe’s great height – it is the tallest animal – is due to its long legs and neck …

শিক্ষার্থীরা পোকার জন্য ‘daddy long legs’ নামটি শুনে আমোদিত হয়ে ওঠে। বোর্ডে আমার আঁকা ক্রেনফ্লাইয়ের ছবিটি– এটি কী জিনিস তা স্পষ্ট করে দেয়। ‘up and down’, ‘bending and straightening their legs’এবং ‘habit’ – এই বাক্যাংশগুলির

ধারণা এবং অন্তর্গত শব্দগুলি শিক্ষার্থীদের কাছে পরিচিত ছিল। 'vulnerability to predators' এবং 'perching' (sitting) এর ধারণা সম্পর্কিত অংশগুলি কঠিন ছিল। আমি দ্রুত এই শব্দগুলি শিক্ষার্থীদের নিজেদের ভাষায় ব্যাখ্যা করে দিই।

শিক্ষার্থীরা এবার 'insect' শব্দটিকে তাদের শব্দভাণ্ডারে যোগ করে 'bird' এবং 'animal' এই শব্দগুলির সাথে, যা আমাদের পাঠ্যবইয়ে আছে। পাখি সম্পর্কিত অংশটিতে, শরীরের তুলনায় পায়ের আপেক্ষিক দৈর্ঘ্য ব্যাখ্যা করতে, আমি 50 শতাংশ (অর্ধেক), 60 শতাংশ এবং 40 শতাংশ দেখাতে আমার হাত এবং আঙ্গুলগুলি ব্যবহার করেছিলাম।

কিছু আকর্ষণীয় ব্যাপার ঘটেছিল যখন আমি তৃতীয় অনুচ্ছেদটি পড়ার আগে জিজ্ঞাসা করেছিলাম: 'Now you know a long-legged insect and a long-legged bird – can you think of a long-legged animal?' বহু শিক্ষার্থী তৎক্ষণাৎ 'জিরাফ' শব্দটির উল্লেখ করে। কেউ কেউ বলল তারা টেলিভিশনেও এটি দেখেছে। সুতরাং আমি যখন বললাম যে সংবাদপত্রে এর পরে সত্যিই জিরাফের উল্লেখ করা হয়েছে, তখন বাচ্চারা সংবাদপত্রটি দেখার জন্য আমার চারপাশে ভিড় করল। সংবাদপত্রের মত কোন কর্তৃপক্ষ কী বলেছিল তা সঠিকভাবে আন্দাজ করার আনন্দ সত্যিই অসাধারণ !

(অমৃতাভাল্লি, 2007-থেকে গৃহীত)

## চিন্তার জন্য সাময়িক বিরতি

- ঝুমা দিদিমনি সপ্তম শ্রেণির শিক্ষার্থীদের জন্য একটি সংবাদপত্রের প্রবন্ধ ব্যবহার করেছিলেন। আরো নিচু শ্রেণির জন্য আপনি কীভাবে এই অ্যাক্টিভিটিটি মানিয়ে নেবেন?
- আপনি কি মনে করেন যে ঝুমা দিদিমনির পক্ষে ইংরেজি এবং নিজের ভাষার মধ্যে পরিবর্তন করা কার্যকর হয়েছিল? কখন এবং কেন তিনি এটি করার সিদ্ধান্ত নেন?
- ঝুমা দিদিমনির শেষ অনুচ্ছেদে করা পর্যবেক্ষণের উপর ভিত্তি করে কীভাবে তিনি শিক্ষার্থীদের নতুন শব্দভাণ্ডারের জ্ঞান মূল্যায়ন করেছিলেন বলে আপনি মনে করেন?

# 4 বাস্তব জীবনের ইংরেজি

এখন এই দুটি অ্যাক্টিভিটি করার চেষ্টা করুন।

### অ্যাক্টিভিটি 5: যেসব মানুষ ইংরেজি ব্যবহার করেন-একটি পরিকল্পনামূলক অ্যাক্টিভিটি

আপনার শিক্ষার্থীরা হয়তো এমন মানুষকে চেনেন যারা ব্যক্তিগত বা পেশাদারী কারণে নিয়মিতভাবে ইংরেজি ব্যবহার করেন। ভাষার এই ব্যবহার সম্পর্কে তাদের সচেতনতা বৃদ্ধি করা ইংরেজি শেখার গুরুত্ব সম্পর্কে তাদের উৎসাহিত করতে পারে।

একটি ভাষা পাঠের পরিকল্পনা করুন যেখানে আপনি আপনার শিক্ষার্থীদের নিম্নলিখিত সূত্রগুলির উপর ভিত্তি করে কিছু প্রশ্ন করবেন। পাঠের আগে এই সূত্রগুলির কয়েকটি বোর্ডে লিখে দেওয়া উপযোগী হতে পারে:

- তুমি কি তোমার পরিবারের কোন সদস্যকে ইংরেজিতে কোন ফর্ম পূরণ করতে দেখেছো? এটা কি - একটি চালকের অনুমতিপত্র বা জন্মের শংসাপত্র পেতে? ইংরেজি শব্দ এবং অর্থগুলি আলোচনা করুন।
- তুমি কি তোমার পরিবারের কোন সদস্যকে ইংরেজিতে চিঠি বা ইমেইল পাঠাতে বা পেতে দেখেছো? তুমি কি ইংরেজিতে চিঠি

বা ইমেইল পেয়েছ বা পাঠিয়েছ?

- তুমি কি তোমার পরিবারের কাউকে তাঁদের ঠিকানা ইংরেজিতে লিখতে দেখেছো? তুমি কি তোমার ঠিকানা ইংরেজিতে লিখতে পারো?
- তুমি কি কোন ডাক্তারকে প্রেসক্রিপশন লিখতে দেখেছো? সেটি কি ইংরেজিতে না স্থানীয় ভাষায় ছিল?
- তুমি কি কোন পুলিশকর্মীকে কারোর জরিমানা করার জন্য একটি 'চালান' লিখতে দেখেছো? এটি কোন ভাষায় ছিল?

শিক্ষার্থীদেরকে দুটি কলমসহ একটি ছক লিখতে বলুন। প্রথম কলমে, তারা তাদের জানা মানুষদের তালিকা করবে (উদাহরণস্বরূপ, তাদের ডাক্তার, কোন পুলিশকর্মী, তাদের ঠাকুমা ইত্যাদি) অথবা তারা এই ব্যক্তিদের ছবি আঁকতে পারে। তারা এই মানুষদের ইংরেজীতে কী কী লিখতে বা পড়তে দেখেছে, দ্বিতীয় কলমে তার একটা তালিকা তৈরি করবে। তালিকা তৈরির কাজে সাহায্য করার জন্য, তাদের বোর্ডে লেখা ইঙ্গিতগুলো ব্যবহার করা উচিত।

- তোমার পাঠ্যবই কি এগুলির কোনটির উল্লেখ করে? আপনি কি পাঠ্যবই এবং শিক্ষার্থীদের ছকগুলির মধ্যে কোন সংযোগ স্থাপন করতে পারেন?

'প্রাত্যহিক' ইংরেজির উপরে ভাষা পাঠের পরিকল্পনা করতে শিক্ষার্থীদের সারণীগুলি ব্যবহার করুন। পাঠ্যবইয়ে যা আছে তার সাথে কোথায় একটি সংযোগ স্থাপন করতে পারেন তা দেখুন।

## চিন্তার জন্য সাময়িক বিরতি

আপনার বা আপনার বিদ্যালয়ের কারোর পক্ষে কি এমন কাউকে ডেকে আনা সম্ভব যিনি তার ইংরেজি ব্যবহার পদ্ধতি সম্পর্কে কথা বলতে শ্রেণিকক্ষে আসতে পারেন? আপনি কি কোন ডাক্তার, ডাককর্মী বা পুলিশকর্মীর সাথে যোগাযোগ করতে পারেন? এই পেশাগুলিতে ব্যবহৃত ইংরেজি জানার জন্য শিক্ষার্থীরা সাক্ষাতের প্রস্তুতি নিতে পারে। পরিদর্শনকারীকে জিজ্ঞাসা করার জন্য শ্রেণি কিছু সহজ প্রশ্ন প্রস্তুত করতে পারে। পরিদর্শনের পরে, শিক্ষার্থীরা ব্যক্তিটিকে আসার জন্য ধন্যবাদ জানিয়ে ইংরেজিতে একটি ছোট চিঠি লিখতে পারে।

## অ্যাক্টিভিটি 6: ইংরেজি এবং প্রযুক্তি

ইংরেজি ভাষা এবং এর বর্ণ উভয়ই ভারতীয় সমাজে ক্রমবর্দ্ধমান জনপ্রিয়তা অর্জন করছে, বিশেষত প্রযুক্তিতে এর ভূমিকার কারণে। আজকালকার দিনে প্রায় প্রত্যেকেরই একটি মোবাইল ফোন আছে। এখন মানুষজন সাধারণভাবে একে অপরকে টেক্সট মেসেজ পাঠান, প্রায়শই সেই কাজে ইংরেজি বাক্যাংশ ব্যবহার করে। স্থানীয় ভাষাগুলিতে কিছু লিখতেও বহু পরিমাণে রোমান হরফ ব্যবহার হচ্ছে।

আপনার শিক্ষার্থীদেরকে দলগতভাবে কাজ করতে বলুন এবং নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর মাথা খাটিয়ে বের করতে বলুন:

তোমরা একে অপরের সঙ্গে এবং পরিবারের সঙ্গে কীভাবে যোগাযোগ করো - পরিবারের যে সদস্যদের সাথে তোমরা থাকো এবং যারা অন্যত্র থাকেন তাঁদের উভয়ের সাথেই।

শেষে, প্রত্যেক দল ব্রেইনস্টর্মিংএর মাধ্যমে প্রাপ্ত– ধারণাগুলি প্রতিবেদন আকারে প্রকাশ করবে। যখন আপনি কোন ব্রেইনস্টর্মিং ব্যবহার করেন তখন প্রত্যেক দলের একজন শিক্ষার্থীর ধারণাগুলি লেখার দায়িত্ব নেওয়া উচিত। তারা এটি তাদের খাতা বা কোন বড় কাগজের পৃষ্ঠাতেও লিখতে পারে।

শিক্ষার্থীরা যখন ব্রেইনস্টর্মিং করে , তখন আপনি শ্রেণিকক্ষে চলা–ফেরা করুন । তাদের ধারণাগুলো শুনুন। যদি কিছু শিক্ষার্থীর ধারণাগুলি মাথায় আনা শক্ত মনে হয়, তাহলে আপনি হয়তো এই প্রশ্নগুলির একটি বা দুটি তাদেরকে সাহায্য করার জন্য ব্যবহার করতে পারেন।

- ‘তুমি কি টেলিফোন বা মোবাইল ফোন ব্যবহার করো?’
- ‘তুমি কি টেক্সট মেসেজ পাঠাও?’
- ‘তুমি কি কখনো কোন টাইপরাইটার দেখেছো?’
- ‘তুমি কি কখনো কোন ওয়ার্ড প্রসেসর (কম্পিউটার) ব্যবহার করেছো?’
- ‘তুমি বা তোমার অভিভাবক কি চিঠি বা ইমেইল লেখেন?’

মানুষ যখন যোগাযোগ করে, তখন কোন্ ভাষা(গুলি) মানুষ এই অ্যাক্টিভিটিগুলির জন্য ব্যবহার করেন - ইংরেজি, বাংলা, না তাদের স্থানীয় ভাষা না এগুলির একটি মিশ্রণ? এ বিষয়ে তাদের ধারনাগুলি লিখার আগে তাদেরকে ভাবতে বলুন। অথবা – সে সম্পর্কে তারা যখন তাদের ধারণাগুলি লিখে ফেলবে, তাদের উচিত এই তথ্যগুলিকে তাদের ব্রেইনস্টর্মিং এর ছকে দেখানো।

তারপর শিক্ষার্থীদের এক জায়গায় জড়ো করুন এবং কোন্ জিনিসটি প্রতিটি কার্যকলাপের জন্য তাদের ব্যবহারের ভাষাটি নির্ধারণ করে সে সম্পর্কে শ্রেণিতে একটি আলোচনা করুন। কম্পিউটার কীবোর্ডের কারণে ইংরেজী ব্যবহার করা কি বেশি সহজ হয়? তারা কি রূপান্তরিত হিন্দি শব্দের জন্য রোমান হরফ ব্যবহার করে? শ্রেণির ধারণাগুলি বোর্ডে লিখুন যাতে শিক্ষার্থীরা আরো বেশি ইংরেজি শোনে এবং দেখে।

### চিন্তার জন্য সাময়িক বিরতি

আপনি কি কোনোভাবে আপনার পাঠে প্রযুক্তি ব্যবহার করতে পারেন? শিক্ষার্থীরা কি কাউকে তাদের শ্রেণিতে আমন্ত্রণ জানানোর জন্য বা তাঁদের পরিদর্শনের জন্য ধন্যবাদ জানাতে একটি ইমেইল বা টেক্সট বার্তা পাঠাতে পারে? আপনারা একসাথে বার্তাটি বোর্ডে রচনা করতে পারেন, বা যদি আপনার শ্রেণিটি বড় হয় তাহলে শিক্ষার্থীরা দলবদ্ধভাবে বার্তাটির খসড়া রচনা করতে পারে। তারপর কেউ একজন বার্তাটি মোবাইল বা একটি কম্পিউটারে টাইপ করতে পারে। যেসব শিক্ষার্থীরা তাদের কথা বলার প্রয়োজন হতে পারে এমন অ্যাক্টিভিটিগুলিতে অংশগ্রহণ করতে খুবই লাজুক তাদেরকে কম্পিউটারে (যদি তা থাকে) বা মোবাইল ফোনে টাইপ করতে আরো বেশি সময় দেওয়ার দ্বারা আপনি তাদেরকে বের করে আনতে সাহায্য করতে পারেন।

ভিডিও: স্থানীয় সম্পদের ব্যবহার

# 5 সমাজের কাছে ইংরেজি উপস্থাপন করা

আগের অ্যাক্টিভিটিগুলিতে আপনি আপনার বিদ্যালয় সমাজের মধ্যে উপলব্ধ ইংরেজি এবং কীভাবে এটিকে আপনার শ্রেণিকক্ষে আনা যেতে পারে সে সম্পর্কে ভেবেছেন। সেখানে এমন কিছু উপায়ও আছে যাতে আপনি এবং আপনার ক্লাস সমাজের কাছে পৌঁছতে পারে।

## অ্যাক্টিভিটি 7: সমাজের কাছে ইংরেজি উপস্থাপন করা

আপনার স্থানীয় সমাজের সাথে সংযুক্ত হওয়ার একটি উপায় হল একটি ইংরেজি সভা করা। আপনি বছরে একবার বা দুবার একটি অনুষ্ঠান আয়োজন করতে পারেন যা শিক্ষার্থীদের অভিভাবকদেরকে বিদ্যালয়ে নিয়ে আসে, বা শিক্ষার্থীদের এক বিদ্যালয় থেকে অন্য বিদ্যালয়ে নিয়ে যায়। এই অনুষ্ঠানটি কিছু ইউনিটগুলিতে প্রস্তাবিত ভাষার কাজের কোন ধরনের প্রদর্শনী হতে পারে- উদাহরণস্বরূপ আঁকা ছবির সাথে শিক্ষার্থীদের লেখা কবিতা। এটি নাচ, গান এবং নাটকের সন্ধ্যা হতে পারে যেখানে শিক্ষার্থীরা সেই কবিতাগুলি আবৃত্তি করতে পারে, ইংরেজিতে কোন গান গাইতে বা ইংরেজিতে কোন ছোট নাটকে অভিনয় করতে পারে। (নাটকটি কোন কবিতা বা কোন গল্পের একটি অংশ হতে পারে যা তারা অভিনয় করে দেখায়। এটি পাঁচ থেকে দশ মিনিটের বেশি চলার প্রয়োজন নেই।) পুরো অনুষ্ঠানটির সবটা ইংরেজিতে হওয়া প্রয়োজন নেই, কিন্তু এটি 'তুলে ধরার' একটি সুযোগ থাকা প্রয়োজন।

যখন আপনি অনুষ্ঠানটির জন্য পরিকল্পনা করবেন, তখন শিক্ষার্থীরা ইংরেজি এবং নিজের ভাষাতে আমন্ত্রণপত্রগুলি লিখতে পারে। অনুষ্ঠানটি সম্পর্কে সচেতনতা ছড়াতে, তারা দ্বিভাষিক পোস্টার তৈরি করতে পারে এবং সেগুলি সমাজে ও বিদ্যালয়ের চারপাশে প্রদর্শন করতে পারে।

অনুষ্ঠানটির জন্য ভূমিকা অর্পণ করতে, শ্রেণির প্রত্যেক শিক্ষার্থীর অংশগ্রহণ করা নিশ্চিত করুন:

- কেউ কেউ ইংরেজি এবং নিজেদের ভাষাতে পরিদর্শকদের অভ্যর্থনা এবং স্বাগত জানাতে পারে। ('শুভ অপরাহ্ন! অনুগ্রহ করে ভিতরে আসুন। অনুগ্রহ করে বসুন')
- কেউ কেউ অনুষ্ঠানটি ব্যাপী দ্বিভাষিক ঘোষণা করতে পারে। ('Now we will have a poem by Class II students.')
- কেউ কেউ 'Welcome' এবং 'Thank you'-এর মত শব্দগুলি তৈরি করতে দ্বিভাষিক ফ্ল্যাশ কার্ড ব্যবহার করতে পারে।

শিক্ষার্থীদের প্রস্তুতি এবং তারা যা করছে তাতে মনোযোগ এবং উদ্যম দেওয়ার সাথে আপনি লক্ষ্য করবেন যে সেগুলি তাদের ভাষার ব্যবহার মজবুত করে তুলছে। অভিনয়ে তাদের নিজস্ব ভূমিকাগুলি শেখার পাশাপাশি, তারা অন্যান্য শিক্ষার্থীদের ভূমিকাগুলি শোনার থেকেও উপকার পাবে।

যাদের শেখায় অক্ষমতা বা শারীরিক অক্ষমতা আছে তাদেরকে সমেত শ্রেণির প্রত্যেক শিশুকে অংশগ্রহণ করানো নিশ্চিত করুন।

পরে, শিক্ষার্থীরা উপস্থিত সকলকে ধন্যবাদ জানাতে চিঠি লিখতে পারে।

অভিভাবকরা প্রায়ই তাঁদের সন্তানেরা বিদ্যালয়ে কী শিখছে তা দেখতে উন্মুখ হয়ে থাকেন। পাঠ্যবইয়ে যা আছে তার বাইরে তাঁদের শিশুরা কী শিখছে সে সম্পর্কে তারা অনিশ্চিত থাকতে পারেন। যখন তারা তাদের শিশুদের ইংরেজিতে কথা বলতে, ছড়া বলতে, গান গাইতে এবং নাটকে অভিনয় করতে দেখেন, তখন তারা তাদের নিয়ে গর্ব অনুভব করবেন। তারা হয়তো তখন বুঝতে পারেন যে তাদের বিদ্যালয়ের খাতায় লেখা ছাড়াও সেখানে ইংরেজিতে শেখার জন্য অনেক কিছু থাকতে পারে।

# 6 সারসংক্ষেপ

এই ইউনিটে আপনি আপনার শিক্ষার্থীদের পূর্ব–লব্ধ অভিজ্ঞতার উপর নির্ভর করে ইংরেজির জ্ঞান নির্মাণ করার এবং কীভাবে আপনি সমাজে ব্যবহার হওয়া ইংরেজি আপনার শ্রেণিকক্ষে আনতে পারেন তার উপায়গুলি সন্ধান করেছেন। আপনি আপনার বিদ্যালয় সমাজে ইংরেজির উপস্থিতি এবং কিছু শ্রেণিকক্ষের অ্যাক্টিভিটি সম্পর্কে ভেবেছেন, যা ইংরেজির এই ব্যবহারগুলির সঙ্গে

সম্পর্কিত। আপনি এমন উপায়গুলির কথাও ভেবেছেন যার সাহায্যে আপনি সমাজের সদস্যদের আপনার ইংরেজি ভাষার শ্রেণিকক্ষে যুক্ত করতে পারেন – হয় কীভাবে তারা তাদের জীবনে ও পেশায় ইংরেজি ব্যবহার করেন সেই বক্তব্য পেশ করতে আমন্ত্রণ করার দ্বারা অথবা কোনো ইংরেজির সভায় উপস্থিত থাকার জন্য তাদের আমন্ত্রণ জানিয়ে।

এই বিষয়ে প্রাথমিকে ইংরেজি শিক্ষক উন্নয়ন সংক্রান্ত অন্যান্য ইউনিটগুলি হল:

- Classroom routines
- Using the textbook creatively
- English and subject content integration
- Learning English in the creative arts.

# সম্পদসমূহ

## সম্পদ 1: স্থানীয় সম্পদের ব্যবহার

শেখার ক্ষেত্রে শিক্ষার পাঠ্যবই ছাড়া অনেক উপকরণই ব্যবহার করা যেতে পারে। আপনি যদি এমন শেখার পদ্ধতি প্রদান করেন যা বিভিন্ন ইন্দ্রিয় (দর্শন, শ্রবণ, স্পর্শ, গন্ধ, স্বাদ) ব্যবহার করে, তাহলে আপনি শিক্ষার্থীরা যে বিভিন্ন উপায়ে শেখে সেগুলিকে প্রভাবিত করতে পারবেন। আপনার চারপাশে বহু সম্পদ ছড়িয়ে আছে যা আপনি আপনার শ্রেণিকক্ষে ব্যবহার করতে পারেন এবং যা শিক্ষার্থীদের শেখায় সহায়তা করতে পারে। যেকোনো বিদ্যালয় স্বল্প ব্যয়ে অথবা বিনা ব্যয়ে নিজস্ব শেখার সম্পদ প্রস্তুত করতে পারে।এই উপাদানগুলি স্থানীয় ভিত্তিতে সংগ্রহ করলে, আপনার শিক্ষার্থীদের জীবন ও পাঠক্রমের মধ্যে একটা যোগসূত্র স্থাপিত হয়।

আপনার আশেপাশে আপনি এমন মানুষ খুঁজে পাবেন যাদের বিভিন্ন ধরণের বিষয়ে দক্ষতা আছে; আপনি প্রাকৃতিক সম্পদেরও বিস্তৃত ভাণ্ডার খুঁজে পাবেন। এটি আপনাকে স্থানীয় সম্প্রদায়ের সঙ্গে যোগসূত্র স্থাপন করতে সাহায্য করবে, এটির মূল্য প্রদর্শন করতে, শিক্ষার্থীদের তাদের পরিবেশের সমৃদ্ধি এবং বৈচিত্র্য অনুভব করতে উদ্দীপ্ত করবে, এবং হয়ত সর্বাধিক গুরুত্বপূর্ণ ভাবে, শিক্ষার্থীদের শেখার ক্ষেত্রে একটি সামগ্রিক দৃষ্টিভঙ্গির অভিমুখে কাজ করবে – যেটি হল বিদ্যালয়ের ভিতরে এবং বাইরে শেখা।

### আপনার শ্রেণিকক্ষের সর্বাধিক ব্যবহার

মানুষ নিজের গৃহ যতদূর সম্ভব আকর্ষণীয় করে তুলতে কঠিন পরিশ্রম করে। যে পরিবেশে আপনার শিক্ষার্থীরা শিখবে বলে আপনি প্রত্যাশা করেন, সেই সম্পর্কে চিন্তাভাবনা করা গুরুত্বপূর্ণ। শেখার জন্যে একটি আকর্ষণীয় স্থান হিসাবে আপনার শ্রেণিকক্ষ ও বিদ্যালয়কে গড়ে তুলতে আপনি যা কিছু করতে পারেন, শিক্ষার্থীদের উপর সেটির একটি ইতিবাচক প্রভাব থাকবে। শিক্ষার্থীদের কাছে শ্রেণিকক্ষকে মনমুগ্ধ ও আকর্ষণীয় স্থান হিসাবে গড়ে তুলতে আপনি অনেক কিছু করতে পারেন, যেমন ধরুন, আপনি:

- পুরানো পত্রিকা ও বিবরণ সম্বলিত পুস্তিকা থেকে পোস্টার বানাতে পারেন
- চলতি বিষয় সম্পর্কিত জিনিষপত্র ও হস্তনির্মিত বস্তু আনতে পারেন
- আপনার শিক্ষার্থীদের হাতের কাজ প্রদর্শন করতে পারেন
- শ্রেণিকক্ষে প্রদর্শিত বস্তুগুলি অদলবদল করতে পারেন যাতে শিক্ষার্থীদের কৌতূহল ও দ্রুত নতুন জিনিষ শেখার প্রেরণা বজায় থাকে।

## আপনার শ্রেণিকক্ষে স্থানীয় দক্ষ ব্যক্তিদের ব্যবহার করতে পারেন

আপনি যদি গণিতে টাকা বা পরিমাণ নিয়ে কাজ করেন, তবে আপনি আপনার শ্রেণিকক্ষে, বাজারের ব্যবসায়ী বা বস্ত্র প্রস্তুতকারী ব্যক্তিদের, তাঁদের কাজে তারা কীভাবে গণিত ব্যবহার করেন তা ব্যাখ্যা করার জন্য আমন্ত্রণ জানাতে পারেন। বিকল্পরূপে, কলাবিদ্যায় আপনি যদি নকশা ও আকৃতি নিয়ে কাজ করেন, তাহলে বিভিন্ন ধরণের আকার, নকশা ও তাদের ঐতিহ্য ও কলাকৌশল ব্যাখ্যা করতে আপনি মেহেন্দি [বিয়ের হেনা] শিল্পীদের বিদ্যালয়ে আমন্ত্রণ জানাতে পারেন। অতিথি আমন্ত্রণ করা সবচেয়ে কার্যকারী হয় যখন শিক্ষামূলক লক্ষ্যের সাথে এর যোগসূত্র ও সময় সম্পর্কে প্রত্যাশা সবার কাছে পরিষ্কার থাকে।

আপনার বিদ্যালয় দলের মধ্যেও কোন দক্ষ ব্যক্তি থাকতে পারেন (যেমন রাঁধুনি বা তত্ত্বাবধায়ক) শিক্ষার্থীরা যাদের শিক্ষা সম্পর্কিত বিষয় জিজ্ঞাসাবাদ করবে বা তাকে অনুসরণ করবে, যেমন ধরুন, রান্নায় ব্যবহৃত পরিমাণসমূহ জানা, বা আবহাওয়ার অবস্থা, বিদ্যালয় প্রাঙ্গণ ও দালানবাড়িকে কীভাবে প্রভাবিত করে।

## বাইরের পরিবেশ ব্যবহার করা

আপনার শ্রেণিকক্ষের বাইরে সম্পদের বিপুল ভাণ্ডার আছে যা আপনি আপনার পাঠের ক্ষেত্রে ব্যবহার করতে পারেন। আপনি (অথবা আপনার শ্রেণিকে সংগ্রহ করতে বলতে পারেন) পাতা, মাকড়সা, লতাপাতা, পোকামাকড়, পাথর বা কাঠ সংগ্রহ করতে পারেন। শ্রেণিকক্ষে এইসব সম্পদ নিয়ে এলে সেগুলি আকর্ষণীয় প্রদর্শনী হতে পারে যেগুলি পাঠ্য বিষয়ের ক্ষেত্রে উল্লেখ করা যেতে পারে। আলোচনা বা পরীক্ষা-নিরীক্ষা করার জন্য তারা কোন সামগ্রী দিতে পারে যেমন, শ্রেণিভুক্ত করার একটি অ্যাক্টিভিটি, বা জীবন্ত বা জীবন্ত নয়- এমন বস্তু। বাসের সময়সারণী বা বিজ্ঞাপনের মত সহজলভ্য ও স্থানীয় সম্প্রদায়ের জন্য প্রাসঙ্গিক সম্পদও আছে – এগুলিকে শিক্ষার উপকরণে পরিণত করা যায়- শব্দ সনাক্তকরণ, মানের তুলনামূলক বিচার বা যাতায়াতের সময় গণনা করার মত কাজ নির্দিষ্ট করে।

বাইরে থেকে শ্রেণিকক্ষে জিনিষ আনা যেতে পারে - তবে বাইরের জগতেও শ্রেণিকক্ষকে প্রসারিত করা যেতে পারে। বাইরের জগতে নড়াচড়ার জন্য বেশী জায়গা আছে এবং এতে সব শিক্ষার্থী আরো সহজে দেখতে পায়। আপনি যখন আপনার শ্রেণিকে শেখাবার জন্যে বাইরে নিয়ে যাবেন, ওরা তখন নানারকম অ্যাক্টিভিটি করতে পারে, যেমন:

- দূরত্ব অনুমান করা এবং মাপা
- কেন্দ্রবিন্দু থেকে বৃত্তের উপর প্রতিটি বিন্দু একই দূরত্বে অবস্থিত – এটা প্রদর্শন করা
- দিনের বিভিন্ন সময়ে ছায়ার দৈর্ঘ্য রেকর্ড করা
- চিহ্ন ও নির্দেশাবলী পড়া
- সাক্ষাৎকার ও সমীক্ষা করা
- সৌরশক্তিতে চালিত প্যানেল খুঁজে বার করা
- শস্যের বেড়ে ওঠা ও বৃষ্টিপাত-নিরীক্ষণ করা।

বাইরে, শিক্ষার্থীদের শেখা বাস্তব ও নিজেদের অভিজ্ঞতার ভিত্তিতে হয়, এবং হয়ত অন্য পরিস্থিতিতে বেশী সহজে স্থানান্তরিত করা যায়।

যদি আপনার বাইরের কাজে বিদ্যালয় প্রাঙ্গণ ছেড়ে বেরিয়ে যেতে হয়, তাহলে যাবার আগে আপনাকে বিদ্যালয় নেতৃত্বের অনুমতি নিতে হবে, সময় পরিকল্পনা করতে হবে, নিরাপত্তা ব্যবস্থা পরীক্ষা করতে হবে, নিয়মকানুনগুলো শিক্ষার্থীদের পরিষ্কার বুঝিয়ে দিতে হবে। আপনি বেরোনোর আগে আপনি ও আপনার শিক্ষার্থীদের পরিষ্কার ভাবে বোঝা দরকার কী শেখা হবে।

## সম্পদগুলি প্রয়োজন মতো পরিবর্তিত করা

আপনি বিদ্যমান সম্পদগুলি আপনার শিক্ষার্থীদের জন্য আরও উপযোগী করার জন্য পরিবর্তন করতে চাইতে পারেন। এই পরিবর্তনগুলি হয়ত সামান্য তবে তার প্রভাব খুব বেশী হতে পারে, বিশেষত আপনি যদি আপনার শ্রেণির সব শিক্ষার্থীর কাছে শেখাটা প্রাসঙ্গিক করতে চান। যেমন ধরুন, আপনি হয়ত জায়গা ও লোকের নাম বদলে দিতে পারেন, যদি সেগুলো অন্য প্রদেশের হয়, অথবা, গানে একটি মানুষের লিঙ্গ বদলে দিতে পারেন, বা একটি গল্পে প্রতিবন্ধী একটি শিশুকে ঢোকাতে পারেন। আপনার শ্রেণির শিক্ষার্থী ও তাদের শেখা অনুযায়ী সম্পদগুলো এইভাবে আপনি আরো অন্তর্ভুক্তি মূলক এবং উপযুক্ত করে নিতে পারেন।

সম্পদশালী হতে সহকর্মীদের সাথে কাজ করুন: আপনাদের মধ্যে সম্পদ গড়ে তোলা ও তা প্রয়োজন অনুযায়ী পরিবর্তিত করার বিভিন্ন ধরণের দক্ষতা রয়েছে। একজন সহকর্মীর সঙ্গীতবিদ্যায় দক্ষতা থাকতে পারে, আবার আরেকজনের থাকতে পারে পুতুল বানানো বা বহির্জগতের বিজ্ঞান সংগঠিত করার বিষয়ে। আপনি শ্রেণিকক্ষে ব্যবহৃত সম্পদগুলি আপনার সহকর্মীদের সাথে ভাগ করে নিতে পারেন যা আপনাদের বিদ্যালয়ের সর্বক্ষেত্রে শিখন উপযোগী পরিবেশ গড়ে তুলতে সাহায্য করবে।

# অতিরিক্ত সম্পদসমূহ

- Teachers of India classroom resources: http://www.teachersofindia.org/en
- ‘Children talk their way into literacy’ by Gordon Wells: http://people.ucsc.edu/~gwells/Files/Papers_Folder/Talk-Literacy.pdf

# তথ্যসূত্র/গ্রন্থতালিকা


Amritavalli, R. (2007) *English in Deprived Circumstances: Maximising Learner Autonomy*. Department of Linguistics, The English and Foreign Languages University, University Publishing Online, Foundation Books.

Cummins, J. (undated) ‘BICS and CALP’ (online), Jim Cummins’ Second Language Learning and Literacy Development Web. Available from: http://iteachilearn.org/cummins/bicscalp.html (accessed 2 July 2014).

Cummins, J. (2000) *Language, Power, and Pedagogy: Bilingual Children in the Crossfire*. Bristol: Multilingual Matters.

Gibbons, P. (2002) *Scaffolding Language, Scaffolding Learning: Teaching Second Language Learners in the Mainstream Classroom*. Portsmouth: Heinemann.

Krashen, S. (1981) *Second Language Acquisition and Second Language Learning*. Oxford: Pergamon Press.

Krashen, S. (1982) *Principles and Practice in Second Language Acquisition*. Oxford: Pergamon Press.

Mohan, B. (1986) *Language and Content*. Reading, MA: Addison-Wesley.

Mohan, B., Leung, C. and Davison, C. (eds) (2001) *English as a Second Language in the Mainstream: Teaching, Learning and Identity*. New York, NY: Longman.

Wells, G. (2003) ‘Children talk their way into literacy’, published as ‘Los niños se alfabetizan hablando’ in García, J.R. (ed.) *Enseñar a escribir sin prisas … pero con sentido*. Sevilla, Spain: Publicaciones MCEP.

Available from: http://people.ucsc.edu/~gwells/Files/Papers_Folder/Talk-Literacy.pdf (accessed 8 July 2014).

Wells, G. (2009) *The Meaning Makers: Learning to Talk and Talking to Learn*, 2nd edn. Bristol: Multilingual Matters.

# কৃতজ্ঞতাস্বীকার

এই বিষয়বস্তু ক্রিয়েটিভ কমন্স অ্যাট্রিবিউশন – শেয়ারঅ্যালাইক লাইসেন্স এর অধীনে উপলব্ধ (http://creativecommons.org/licenses/by-sa/3.0/), যদি না অন্যভাবে চিহ্নিত হয়। লাইসেন্সটি টিইএসএস (TESS)-ইন্ডিয়ার, OU এবং UKAID লোগোগুলির ব্যবহার বহির্ভূত করে, যা শুধুমাত্র টিইএসএস (TESS)-ইন্ডিয়ার প্রকল্পের ক্ষেত্রেই অপরিবর্তিতভাবে ব্যবহার করা যেতে পারে।

কপিরাইট স্বত্বাধিকারীদের সাথে যোগাযোগ করার উদ্দেশ্যে সর্বতভাবে প্রচেষ্টা করা হয়েছে। যদি কোনোটি অনিচ্ছাকৃতভাবে নজর এড়িয়ে গিয়ে থাকে, তাহলে প্রকাশকরা প্রথম সুযোগেই সানন্দে প্রয়োজনীয় বন্দোবস্ত করবেন।

ভিডিও (ভিডিও স্টিল সহ): ভারত ব্যাপী শিক্ষকদের শিক্ষাদানকারী, প্রধান শিক্ষক, শিক্ষক ও ছাত্রছাত্রীদের ধন্যবাদ জানানো হচ্ছে, যারা প্রস্তুতির সময়ে ওপেন ইউনিভার্সিটির সঙ্গে কাজ করেছিলেন।